



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ১৫ ডিসেম্বর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

অপহৃত তিন ইউপিডিএফ সদস্যকে 'উদ্ধার' একটি সাজানো নাটক: ইউপিডিএফ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) পানছড়ি ইউনিটের সংগঠক অপু ত্রিপুরা পানছড়ির অনিলপাড়া থেকে অপহৃত তিন ইউপিডিএফ সদস্যকে গতকাল বৃহস্পতিবার লতিবান ইউনিয়নের তারাবনছড়া এলাকা থেকে উদ্ধারের দাবিকে একটি সাজানো নাটক বলে অভিহিত করেছেন।

আজ ১৫ ডিসেম্বর ২০২৩ শুক্রবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি বলেন, পানছড়ি উপজেলাধীন লতিবান ইউনিয়নের তারাবনছড়া এলাকায় সেনাবাহিনীর সদস্যরা ঠ্যাঙাড়ে বাহিনী কর্তৃক অপহৃত তিন ইউপিডিএফ সদস্যকে উদ্ধারের জন্য অভিযান চালিয়েছে বলে যে তথ্য দেওয়া হয়েছে তাতে বিন্দুমাত্র সত্যতা নেই।

'সেখানে গতকাল বৃহস্পতিবার রাতে কিংবা অন্য সময় কোন ধরনের উদ্ধার তৎপরতা লক্ষ্য করা যায়নি, কেবল আজ সকাল ৭টার দিকে খাগড়াছড়ি থেকে সেনাবাহিনীর একটি দল তারাবনছড়া সেনাক্যাম্পে গিয়ে কিছুক্ষণ পর আবার ফিরে যায়' বলে অপু ত্রিপুরা জানান।

তিনি বলেন, গত ১১ ডিসেম্বর রাতে পানছড়ির অনিলপাড়ায় বিপুল চাকমাসহ চার ইউপিডিএফ নেতাকে ঠাণ্ডা মাথায় গুলি করে হত্যার পর বিশেষ মহলের সৃষ্টি ও মদদপুষ্ট ঠ্যাঙাড়ে বাহিনীর সদস্যরা অপু ত্রিপুরা ইউপিডিএফ সদস্য নীতিদত্ত চাকমা, হরিকমল ত্রিপুরা ও প্রকাশ ত্রিপুরাকে অপহরণ করে নিয়ে যায় এবং পানছড়ির মানিক্যাপাড়ার তাদের আশ্রয়স্থলে আটকিয়ে রাখে।

অপু ত্রিপুরা অবিলম্বে ঠ্যাঙাড়েদের দিয়ে জনগণ ও ইউপিডিএফের সাথে এ ধরনের নিষ্ঠুর খেলা বন্ধ করে উক্ত তিন সদস্যকে ইউপিডিএফের কাছে হস্তান্তরের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।